# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, তাড়াশ, সিরাজগঞ্জ

এবং

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

## ১ জুলাই ২০২৩ - ৩০ জুন ২০২৪

# সূচিপত্র



| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| **কর্মসম্পাদনের সার্বিক চিত্র** | ৩ |
| **প্রস্তাবনা** | ৪ |
| **সেকশন ১:** রূপকল্প (Vision), অভিলক্ষ (Mision), কর্মসম্পাদনের ক্ষেত্র, সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact ) | ৬ |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | ৭-৯ |
| কর্মসম্পাদন চুক্তিপত্র | ১০ |
| সংযোজনী ১: শব্দ সংক্ষেপ | ১১ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১২ |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমুহ | ১৩ |
| সংযোজনী ৫: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ | ১৪-১৫ |
| সংযোজনী ৬: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ | ১৬ |
| সংযোজনী ৭: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ | ১৭ |
| সংযোজনী ৮: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ | ১৮ |
| সংযোজনী ৯: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ | ১৯ |

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

### সাম্প্রতিক বছরসমুহের (৩বছর) প্রধান অর্জনসমুহ ঃ

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর কর্মকান্ডের মূল কেন্দ্র বিন্দুই হলো সরেজমিন উইং। গবেষণা প্রতিষ্ঠান উদ্ভাবিত আধুনিক প্রযুক্তি মূলতঃ সরেজমিন উইং কৃষকের নিকট সম্প্রসারণ করছে। মাঠ পর্যায়ে বার্ষিক কৃষি সম্প্রসারণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এ উইং এর মূল কাজ। ক্রমহ্রাসমান চাষযোগ্য জমি থেকে ক্রমবর্ধমান জনগোষ্ঠির খাদ্য ও পুষ্টি চাহিদা পুরণের লক্ষ্যে কৃষি সম্প্রসারণ এর অধিন সরেজমিন উইং কৃষকের নিকট চাহিদা অনুযায়ী প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে বিগত তিন বছরে চাল, গম, ভুট্রা ও আলুসহ শাক-সবজির উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে বিগত তিন বছরে সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলায় হেক্টর প্রতি উৎপাদন ৩.৪৩ মেঃটন থেকে বৃদ্ধি পেয়ে ৩.৫৩ মেঃটন এ উন্নীত হয়েছে। ২০২১-২২ এর তুলনায় ২০২২-২৩ অর্থবছরে ধানের হেক্টর প্রতি উৎপাদন ০.০৯ মেঃটন বৃদ্ধি পেয়েছে। খাদ্যশস্য উৎপাদনে সয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে বিভিন্ন ফসলের আধুনিক ও ঘাত সহিষ্ণু জাত, পানি সাশ্রয়ী প্রযুক্তি, সুষম মাত্রায় সার ব্যবহার, পার্চিং, আধুনিক চাষাবাদ, গুটি ইউরিয়ার ব্যবহার বৃদ্ধি, মানসম্পন্ন বীজ উৎপাদন ও সংরক্ষণ, মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব ও সবুজ সার তৈরী ও ব্যবহার বৃদ্ধি ইত্যাদি প্রযুক্তি সম্প্রসারণে সাফল্য অর্জিত হয়েছে। এছাড়া অত্র জেলায় প্রদর্শণী স্থাপন, কৃষক প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে উচ্চ ফলনশীল সরিষার আবাদ  বৃদ্ধি ও মৌমাছি পালনের কারণে সরিষার উৎপাদন ব্যাপক বৃদ্ধি পেয়েছে। মোট জনগোষ্ঠের প্রায় অর্ধেক নারীকে কৃষিতে সম্পৃক্তায়নের লক্ষ্যে নারীসহ বিগত তিন বছরে প্রায় ৬৫০০ জন কৃষক- কৃষাণীকে লাগসই আধুনিক প্রযুক্তির উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমুহঃ

দেশে প্রতিবছর চাষযোগ্য জমি হ্রাস পাওয়ায় ক্রমবর্ধমান জনগোষ্ঠির বিশাল খাদ্য ও পুষ্টি চাহিদা পুরণার্থে টেকসই ফসল উৎপাদন নিশ্চিতকরণ, জলবায়ুগত পরিবর্তন জনিত ঝুঁকি মোকাবেলা ও দুর্যোগপূর্ণ এলাকায় চাহিদা ভিত্তিক প্রযুক্তি সম্প্রসারণ, জমির স্বাস্থ্য, উর্বরতা শক্তি রক্ষার মাধ্যমে জমির উৎপাদনশীলতা বৃদ্ধি, ক্রপজোনিং, সেচ কার্যে ভূ-গর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে ভূ-উপরিস্থ পানির দক্ষ ব্যবহার, সুষম মাত্রায় ও দক্ষভাবে সারসহ অন্যান্য উপকরণ ব্যবহার নিশ্চিতকরণ, কৃষিতে নারীর সম্পৃক্তায়ন এবং দক্ষতা বৃদ্ধিকরণ, সম্প্রসারণ কর্মীর দক্ষতা উন্নয়ন এবং কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।

### ভবিষ্যৎ পরিকল্পনাঃ

মাটির স্বাস্থ্য সুরক্ষা ও সার ব্যবস্থাপনা পরিবেশ বান্ধব প্রযুক্তি সম্প্রসারণ, জলবায়ুগত পরিবর্তনের কারণে সম্ভাব্য দুর্যোগপ্রবণ এলাকার উপযোগী কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, সেচ কার্যে ভূ-উপরিস্থ ও বৃষ্টির পানির দক্ষ ব্যবহার, চাষী পর্যায়ে মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ, মানসম্পন্ন ও রপ্তানীযোগ্য ফল, সবজি চাষ এলাকা সম্প্রাসরণ, বসতবাড়ির আঙ্গিনার কার্যকর ব্যবহার, শস্য বিন্যাসে ডাল,তৈল , মসলা ও সবজিজাতীয় ফসল অন্তভূক্ত করে ফসলের বহুমূখীতা এবং নিবিড়তা বৃদ্ধি, "বাংলা গ্যাপ" সুচনা এবং বাস্তবায়নের মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদন, সম্প্রসারণ কর্মীও প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা উন্নয়ন, কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান বৃদ্ধিকরণ, দ্রুত প্রযুক্তি বিস্তারে ই-কৃষি প্রবর্তন, খামার যান্ত্রীকীকরণ, শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে আর্থিক ব্যবস্থানা উন্নয়ন।

### ২০২২-২৩ অর্থবছরের প্রধান অর্জনসমুহঃ

- লাগসই আধুনিক প্রযুক্তির উপর ২৪০জন কৃষক/কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান।
- আধুনিক প্রযুক্তির উপর ৩০ জন সম্প্রসারণ কর্মীকে প্রশিক্ষণ প্রদান।
- আধুনিক জাত ও প্রযুক্তি সম্প্রসারণে ৮১৮ টি প্রদর্শনী স্থাপন।
- কৃষক পর্যায়ে ইউরিয়া ও নন-ইউরিয়া সারের সুষম ব্যবহার বৃদ্ধিকরণ এবং ফসল আবাদে ১০% জমিতে গুটি ইউরিয়ার ব্যবহার নিশ্চিতকরণ।
- জমিতে জৈব সার প্রয়োগ উৎসাহিতকরণে ৪৫০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান এবং কৃষকের বসতভিটার ৯৫০ টি কম্পোষ্ট সারের স্তুপ স্থাপন।
- ২৩০ টি আলোর ফাঁদ স্থাপন।
- ১৪০ টি উঠান বৈঠক ।
- ৫.৫হেক্টর জমিতে সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, সচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রুপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন তাড়াশ উপজেলার

উপজেলা কৃষি অফিসার

এবং

উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ

এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ----তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১:

## কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, তাড়াশ, সিরাজগঞ্জ এর রূপকল্প (Vision), অভিলক্ষ (Mision), কৌশলগত উদ্দেশ্যসমুহ এবং কার্যাবলী।

### ১.১ রূপকল্প (Vision) ঃ

খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণসহ কৃষি বাণিজ্যিকীকরণের লক্ষ্যে পরিবর্তনশীল জলবায়ুতে পরিবেশ বান্ধব , নিরাপদ ও টেকসই উৎপাদনক্ষম উত্তম কৃষি কার্যক্রম প্রবর্তন যাতে প্রাকৃতিক সম্পদ সুরক্ষাসহ দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হয়।

### ১.২ অভিলক্ষ (Mision) ঃ

তাড়াশ উপজেলার সকল শ্রেণীর কৃষকদের চাহিদাভিত্তিক দক্ষ, ফলপ্রসূ ও কার্যকর সম্প্রসারণ সেবা প্রদান এবং তাদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে ফসলের টেকসই উৎপাদন ও উৎপাদনশীলতা নিশ্চিতকরণ এবং কৃষকদের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন ঘটানো।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র:

১. ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ।
২. কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ।
৩. কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ।
৪. কর্ম ব্যবস্থাপনায় পেশাদারীত্বের উন্নয়ন।
৫. কৃষি ভিত্তিক কারিগরী শিক্ষা বাস্তবায়ন

### সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র:

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ।
  (ক) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
  (খ) ই-গভন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
  (গ) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
  (ঘ) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।
  (ঙ) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন।

### ১.৪ কার্যাবলি (Functions) :

১. কৃষকের মাঝে উন্নত কৃষি প্রযুক্তি সম্প্রসারণ
২. পরিবেশ বান্ধব, নিরাপদ ও টেকসই উৎপাদনক্ষম উত্তম কৃষি কার্যক্রম প্রবর্তন
৩. কৃষি তথ্য প্রযুক্তি উন্নয়ন ও ই-কৃষি তথ্য সেবা সম্প্রসারণ
৪. কৃষি উপকরণের (সার, বীজ ও বালাইনাশক) সরবরাহ নিশ্চিতকরণ
৫. জৈব সারের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধিকরণ
৬. পানি ব্যবস্থাপনার মাধ্যমে ফসল উৎপাদন এবং ভূ-উপরিস্থ পানির (surface water) ব্যবহারে উৎসাহিতকরণ
৭. কৃষক পর্যায়ে মান সম্পন্ন বীজ উৎপাদন ও সংরক্ষণ
৮. ঘাত সহিষ্ণু জাত সম্প্রসারণ
৯. সম্প্রসারণ কর্মী ও কৃষকদের দক্ষতা বৃদ্ধিকরণ
১০. কৃষির উন্নয়নে নারীকে সম্পৃক্তকরণ;
১১. উচ্চমূল্য ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি;
১২. দুর্যোগ মোকাবেলা ও কৃষি পুনর্বাসন করা;
১৩. মানসম্পন্ন কৃষিপণ্য আমদানি ও রপ্তানি নিশ্চিতকরণ;
১৪. কৃষিঋণ প্রাপ্তিতে কৃষককে সহায়তা দান;
১৫. কীটনাশক, রাসায়নিক সার ইত্যাদির মান নিয়ন্ত্রণ ও সুষম ব্যবহার নিশ্চিতকরণ;
১৬. প্রচলিত লাগসই কৃষি প্রযুক্তি সম্প্রসারণ
১৭. জলবায়ু পরিবর্তনের সাথে সাথে কৃষি উৎপাদনে যে বিরুপ প্রভাব তা মোকাবেলায় কৃষকদের প্রয়োজনীয় কৃষি প্রযুক্তি ও পরামর্শ প্রদান করা;

# সেকশন-২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

| চূড়ান্ত ফলাফল/ প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমুহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | | |
| খাদ্য শস্যের পর্যাপ্ততা | উৎপাদিত চাল | লক্ষ মেঃটন | ১.৩৮৫ | ১.৪৫১ | ১.৫৫ | ২.০০ | ২.৫০ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ, বিআরডিআই, বিএআরআই, বিএডিসি, বিএমডিএ, এসআরডিআই, এসসিএ, বিনা, বিএইউ, এআইএস, ডিএএম | বিবিএস, ডিএইর, বার্ষিক প্রতিবেদন মাঠ পর্যায়ের অগ্রগতি প্রতিবেদন |
| | উৎপাদিত গম | মেঃটন | ৫০২.৮২ | ২৬৯.৬ | ২৮০ | ৩০০ | ৩২০ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ, বিআরডিআই, এসসিএ, বিনা, বিএইউ, এআইএস | |
| | উৎপাদিত ভুট্টা | লক্ষ মেঃটন | ০.১১২৭ | ০.১৪৪৫ | ০.২০ | ০.৩০ | ০.৪০ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ,বিএআরআই, এসসিএ, বিনা, বিএইউ, এআইএস, এসআরডিআই, ডিএএম | |
| আলু ও সবজির পর্যাপ্ততা | উৎপাদিত আলু | মেঃটন | ১৮৩৭ | ২১৪১.৫ | ২২৪৫ | ২২৬০ | ২২৭০ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ, বিএআরআই, এসসিএ, বিনা, বিএইউ, বিএডিসি, এআইএস, ডিএএম | |
| | উৎপাদিত সবজি | লক্ষ মেঃটন | ০.০৯৯৫ | ০.২৩৫ | ০.৩৫ | ০.৪৫ | ০.৬০ | কৃষি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বিদ্যুৎ বিভাগ, বিএআরআই, এসসিএ, বিনা, বিএইউ, বিএডিসি, এসআরডিআই, এআইএস | |

সেকশন-৩

# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণয়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারন | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের/উইং এর কৌশলগত উদ্দেশ্যসমুহঃ | | | | | | | | | | | | | | | |
| ১। ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ | ৫০ | ১.১ উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | ১.১.১ প্রশিক্ষিত কৃষক/কৃষাণী | | সংখ্যা | ৩ | ৭৫০ | ২৪০ | ৩৯০ | ৩৬০ | ৩৩০ | ৩০০ | ২৭০ | ৪২০ | ৪৫০ |
| | | | ১.১.২ প্রশিক্ষিত কর্মকর্তা | | সংখ্যা | ২ | ২৩ | ২৪ | ২৫ | ২৪ | ২০ | ১৯ | ১৮ | ২৭ | ২৮ |
| | | | ১.১.৩.ক. জনপ্রিয় জাত দ্বারা স্থাপিত প্রদর্শনী | | সংখ্যা | ৪ | ৬৯৫ | ৪৫০ | ৫০০ | ৪৮০ | ৪৭০ | ৪৬০ | ৪৫৫ | ৫২০ | ৫৩৫ |
| | | | ১.১.৩.খ. নতুন উদ্ভাবিত জাত দ্বারা স্থাপিত প্রদর্শনী | | সংখ্যা | ৩ | ৬৭ | ৯০ | ১৩০ | ১২৫ | ১২০ | ১১৫ | ১১০ | ১৩৫ | ১৫০ |
| | | | ১.১.৪ সম্প্রসারিত জাত ও প্রযুক্তি | | সংখ্যা | ৩ | ০৫ | ৮ | ২২ | ২০ | ১৮ | ১৫ | ১৩ | ২৫ | ৩০ |
| | | | ১.১.৫ আয়োজিত মাঠ দিবস/ চাষীর‍্যালী | | সংখ্যা | ২ | ১৫ | ১১ | ২০ | ১৮ | ১৫ | ১৩ | ১২ | ২৫ | ৩৫ |
| | | | ১.১.৬ কৃষি মেলা (বৃক্ষমেলা) | | সংখ্যা | ২ | ০১ | ০১ | ১ | ০ | ০ | ০ | ০ | ২ | ২ |
| | | | ১.১.৭ উদ্বুদ্ধকরণ ভ্রমন | | সংখ্যা | ২ | ০২ | ০২ | ৪ | ৩ | ২ | ০ | ০ | ৫ | ৬ |
| | | | ১.১.৮ আয়োজিত সেমিনার/ওয়ার্কশপ | | সংখ্যা | ১ | ০ | ০ | ১ | ১ | ০ | ০ | ০ | | |
| | | | ১.১.৯ বসতবাড়ির আঙ্গিনায় সবজি চাষ | | বাড়ি সংখ্যা | ২ | ২২৭ | ২৭৮ | ৩০০ | ২৯৫ | ২৮৯ | ২৮৭ | ২৮৫ | ৩৫০ | ৪৭০ |
| | | ১.২ কৃষি বিষয়ে ই-তথ্য সেবা প্রদান | ১.২.১ গঠিত কৃষক গ্রুপ/ক্লাব | | সংখ্যা | ২ | ০ | ০ | ২৪ | ২২ | ২০ | ১৯ | ১৮ | ২৬ | ৩০ |
| | | | ১.২.২ কৃষি আবহাওয়া বিষয়ক ক্ষুদে বার্তা প্রদান (লিড ফার্মার) | | সংখ্যা | ২ | ০ | ০ | ২৪ | ২১ | ১৮ | ১৫ | ১২ | ০ | ০ |
| | | ১.৩ খাদ্যমান ও পুষ্টি বিষয়ে সভা ও কর্মশালার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি | ১.৩.১ প্রশিক্ষিত ব্যক্তি/কৃষক | | সংখ্যা | ২ | | ০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৯০ | ১২০ |
| | | | ১.৩.২ প্রশিক্ষিত কর্মকর্তা | | সংখ্যা | ২ | ০১ | ০১ | ১৫ | ১৬ | ১৪ | ১৩ | ১২ | ১৭ | ১৯ |
| | | | ১.৩.৩ আয়োজিত সভা/ওয়ার্কশপ | | সংখ্যা | ১ | ০ | ০ | ৩ | ২ | ১ | ১ | ০ | ৪ | ৫ |
| | | | ১.৩.৪ ফল ও সবজির চারা/কলম উৎপাদন | | সংখ্যা | ২ | 0 | 0 | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | | ১.৩.৫ ফল ও সবজির চারা/কলম বিতরণ | | সংখ্যা | ১ | ৩০০ | ২৫০ | ৫০০ | ৪৫০ | ৪৩০ | ৪১০ | ৪০০ | ৫৫০ | ৬০০ |

## সেকশন-৩

# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারন | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের/উইং এর কৌশলগত উদ্দেশ্যসমূহঃ | | | | | | | | | | | | | | | |
| | | ১.৪ নিরাপদ ফসল ব্যবস্থাপনা | ১.৪.১ নিস্পত্তিকৃত ফাইটোসেনিটারি আবেদন | | সংখ্যা | ১ | ০ | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | | ১.৪.২ আইপিএম ও আইসিএম বিষয়ে প্রশিক্ষিত কৃষক | | সংখ্যা | ২ | ০ | ৫০ | ৮০ | ৭৮ | ৭৫ | ৭২ | ৭০ | ৮৫ | ৯০ |
| | | | ১.৪.৩ আইপিএম ও আইসিএম বিষয়ে প্রশিক্ষিত কর্মকর্তা | | সংখ্যা | ১ | ২ | ২ | ২ | ০ | ০ | ০ | ০ | ৩ | ৪ |
| | | ১.৫ ক্ষতিকারক রাসায়নিক দ্রব্য ব্যবহার হ্রাসের প্রচারণা | ১.৫.১ আয়োজিত সভা | | সংখ্যা | ২ | ০ | ০ | ৬ | ৫ | ৪ | ২ | ১ | ৮ | ১০ |
| | | | ১.৫.২ মুদ্রিত পোস্টার/লিফলেট | | সংখ্যা | ২ | ০ | ০ | ১০০ | ৮০ | ৭৫ | ৬০ | ৪০ | ১১০ | ১৩০ |
| ২। কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ | ১২ | ২.১ ভিত্তি, প্রত্যায়িত, মানঘোষিত বীজ উৎপাদন ও বিতরণ | ২.১.১ কৃষক পর্যায়ে উৎপাদিত ধান বীজ | | মেঃটন | ২ | ৯৮ | ১২০ | ১৫০ | ১৪৫ | ১৪০ | ১৩৫ | ১২৫ | ১৬০ | ১৭০ |
| | | | ২.১.১ কৃষক পর্যায়ে উৎপাদিত গম বীজ | | মেঃটন | ২ | ১.৫ | ১২ | ১৬ | ১৫ | ১৪ | ১২ | ১২ | ২০ | ২৫ |
| | | | ২.১.১ কৃষক পর্যায়ে উৎপাদিত ডাল, তৈল ও মসলা বীজ | | মেঃটন | ১ | ২০ | ৩০ | ২৮ | ২৫ | ২৩ | ২২ | ২১ | ৩০ | ৩৬ |
| | | ২.২ কৃষি যন্ত্রপাতি সংগ্রহ এবং সহজলভ্যতা বৃদ্ধি | ২.২.১ উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত রাইস ট্রান্সপ্লান্টার | | সংখ্যা | ১ | ০ | ০ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৭ | ১০ |
| | | | ২.২.২ উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত পাওয়ার থ্রেসার | | সংখ্যা | ১ | ৭ | ১৭ | ২৫ | ২২ | ২০ | ১৯ | ১৮ | ২৭ | ৩০ |
| | | | ২.২.৩ উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত রিপার | | সংখ্যা | ১ | ০ | ০ | ৭ | ৫ | ৪ | ৩ | ১ | ৯ | ১৩ |
| | | | ২.২.৪ উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত ফুটপাম্প | | সংখ্যা | ১ | ০ | ০ | ১০ | ৮ | ৭ | ৪ | ২ | ৮ | ১০ |
| | | | ২.২.৫ উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত সিডার | | সংখ্যা | ১ | ০ | ৯ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ১০ | ১৫ | ২০ |
| | | | ২.২.৬ উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত কম্বাইন্ড হার্ভেস্টার | | সংখ্যা | ১ | ২০ | ১৮ | ৪০ | ৩৫ | ৩০ | ২৮ | ২৫ | ৫০ | ৬০ |

## সেকশন-৩

## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ অসাধারন ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগের/উইং এর কৌশলগত উদ্দেশ্যসমুহঃ | | | | | | | | | | | | | | | |
| | | ২.৩ ভূ-উপরিস্থ পানির ব্যবহার উৎসাহিত করার জন্য পানি সংরক্ষণ, ক্ষুদ্রসেচ কার্যক্রম সম্প্রসারণ | ২.৩.১ স্থাপিত সোলার প্যানেল যুক্ত সেচ যন্ত্র | | সংখ্যা | ০ | ০ | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | ২.৪ মনিটরিংকৃত ৪% সুদে কৃষি ঋণ প্রদান | ২.৪.১ ৪% সুদে কৃষি ঋণ প্রদান | | কৃষক সংখ্যা | ১ | ২ | ৫ | ১০ | ৮ | ৬ | ৪ | ৩ | ১৫ | ২০ |
| ৩। কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ | ১২ | ৩.১ জৈব সার, সবুজ সার ও জীবাণু সারের ব্যবহার জনপ্রিয়করণ | ৩.১.১ প্রশিক্ষিত কৃষক | | সংখ্যা | ২ | ১১০ | ১২০ | ১৫০ | ১২০ | ৯০ | ৬০ | ৩০ | ১৮০ | ২১০ |
| | | | ৩.১.২ স্থাপিত কম্পোষ্ট স্তুপ | | সংখ্যা | ২ | ৮৫০ | ৮৮০ | ৯০০ | ৮৫০ | ৮৩০ | ৮০০ | ৭৫০ | ৯৫০ | ১০০০ |
| | | | ৩.১.৩ স্থাপিত ভার্মি কম্পোষ্ট স্তুপ | | সংখ্যা | ২ | ১২ | ৮ | ১৫ | ১৩ | ১২ | ১১ | ৯ | ১৭ | ২০ |
| | | | ৩.১.৪ উৎপাদিত কম্পোষ্টের পরিমান | | মেঃটন | ২ | ১৯০ | ২১০ | ২২৫ | ২১২ | ২০৭ | ২০০ | ১৮৮ | ২৩৮ | ২৫০ |
| | | | ৩.১.৫ উৎপাদিত ভার্মি কম্পোষ্টের পরিমান | | মেঃটন | ২ | ২ | ৪ | ৬ | ৫ | ৫ | ৫ | ৫ | ৮ | ১০ |
| | | | ৩.১.৬ স্থাপিত সবুজ সার প্রদর্শনী | | সংখ্যা | ১ | ৮ | ৬ | ১০ | ৮ | ৬ | ৪ | ৫ | ১২ | ১৪ |
| ৪। কর্ম ব্যবস্থাপনায় পেশাদারীত্বের উন্নয়ন | ৪ | ৪.১ কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | ৪.১.১ বাস্তবায়িত এডিপি'র সভা | | সংখ্যা | ১ | ০ | ০ | ২ | ০ | ০ | ০ | ০ | ৪ | ৫ |
| | | | ৪.১.২ বাস্তবায়িত রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচির সভা | | সংখ্যা | ১ | ২ | ০ | ৩ | ০ | ০ | ০ | ০ | ৪ | ৫ |
| ৫। কৃষি ভিত্তিক কারিগরী শিক্ষা বাস্তবায়ন | ২ | ৫.১ কৃষি প্রশিক্ষণ ইনষ্টিটিউট এ প্রশিক্ষণার্থী ভর্তি | ৫.১.১ ভর্তিকৃত প্রশিক্ষণার্থী | | সংখ্যা | ১ | ৩২ | ৩০ | ৩৫ | ৩৩ | ৩২ | ৩১ | ৩০ | ৩৮ | ৪০ |

আমি উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, তাড়াশ, সিরাজগঞ্জ, হিসেবে

উপ- পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, উপ- পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ, হিসেবে

উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, তাড়াশ, সিরাজগঞ্জ, এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

উপজেলা কৃষি অফিসার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
তাড়াশ, সিরাজগঞ্জ।

তারিখ: ১৫/০৬/২০২৬

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিরাজগঞ্জ।

তারিখ: ২৫/০৬/২০২৬